**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় নিরাপত্তা এবং আঞ্চলিক অখন্ডতা রক্ষায় ত্রিপুরার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।**
**(২) ইরানের বিরুদ্ধে ইসরায়েল-মার্কিন হামলার প্রেক্ষাপটে ভারতে সম্ভাব্য সহিংসতার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে সতর্ক করেছে।**
**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বর্তমানে মহিলারা প্রত্যেক ক্ষেত্রে সাফল্য অর্জন করছে।**

**(৪) আগামীকাল শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি দোল পূর্ণিমা ও রঙের উৎসব হোলি।**

**(৫) আগামীকাল পুডুচেরিতে মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে তামিলনাড়ুর বিরুদ্ধে খেলবে ত্রিপুরা।**

************************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় নিরাপত্তা এবং আঞ্চলিক অখন্ডতা রক্ষায় ত্রিপুরার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ভৌগোলিক দিক দিয়েও ত্রিপুরার অবস্থান খুবই গুরুত্বপূর্ণ। ত্রিপুরার যুব শক্তির একটা অংশ সেনাবাহিনীতে যোগদানের মধ্য দিয়ে দেশের নিরাপত্তা রক্ষায় উল্লেখযোগ্য অবদান রাখতে পারে। আজ আগরতলার মিলিটারি স্টেশনে আয়োজিত প্রাক্তন সৈনিকদের এক সমাবেশে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, প্রাক্তন সৈনিক এবং তাদের পরিবাবের সার্বিক কল্যাণে সরকার আন্তরিকভাবে কাজ করছে। এক সময় যারা দেশ সেবার কাজে ঝাঁপিয়ে

পড়েছিলেন তাদের স্বাস্থ্য, আর্থিক নিরাপত্তা, সামাজিক নিরাপত্তার বিষয়টি সুনিশ্চিত করতে সরকার নানা পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে লেফটেন্যান্ট জেনারেল অভিজিৎ এস, পান্দুলকরও বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন ৭৩ মাউন্টেন ব্রিগেডের কমান্ডার ভিএসএম, ব্রিগেডিয়ার ধীরাজ সিং।

*************************

**Budget :**

আগামী ১৩ই মার্চ থেকে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট অধিবেশন শুরু হবে। অধিবেশনের মেয়াদ চূড়ান্ত করার জন্যে আগামী ৬ই মার্চ বিজনেস এডভাইজারি কমিটির বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে। এদিকে, আগামী অর্থবছরের বাজেট চূড়ান্ত করার জন্য অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের সঙ্গে দফাওয়ারী বৈঠক করছেন। অর্থমন্ত্রী আজ সচিবালয়ে পরিবহন, পর্যটন ও খাদ্য, জনসংভরণ মন্ত্রী সুশান্ত চৌধুরী ও সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়ের সঙ্গে পৃথকভাবে বৈঠক করেন। ওই বৈঠকগুলিতে অর্থদপ্তর এবং সংশ্লিষ্ট দপ্তরের সচিব, অধিকর্তা ও অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****************************

**MSME :**

অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি শিল্প মন্ত্রকের পক্ষ থেকে আগামীকাল MSME as champions of growth শীর্ষক ২০২৬ সালের বাজেট পরবর্তী ওয়েবনারে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ওয়েবিনারে ভাষন দেবেন। লাইভ দেখার জন্য আগামীকাল বেলা ১১টায় চোখ রাখুন ইউটিউবে।

*****************************

**India-Alert :**

ইরানের বিরুদ্ধে ইসরায়েল-মার্কিন হামলার প্রেক্ষাপটে ভারতে সম্ভাব্য সহিংসতার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে সতর্কতামূলক চিঠি জারি করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে চিঠি লিখে ইরানপন্থী উগ্র প্রচারকদের চিহ্নিত করতে বলেছে, যারা উস্কানিমূলক বক্তৃতা দিচ্ছেন। চিঠিতে আইনশৃঙ্খলার যে কোনও অবনতি এড়াতে গোয়েন্দা তথ্য ভাগাভাগি এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়েছে।

***************************

**Sashakt Nari, Samriddh Delhi :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বর্তমানে মহিলারা প্রত্যেক ক্ষেত্রে সাফল্য অর্জন করছে। আজ নতুন দিল্লিতে দিল্লি সরকার আয়োজিত ‘সশক্ত নারী, সমৃদ্ধ দিল্লি’ শীর্ষক এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাষ্ট্রপতি বলেন, মহিলারা সেনা হিসেবে দেশের সীমান্ত রক্ষা করছে। বিজ্ঞানী হিসেবে তারা গবেষণাগারে গবেষণা করছে। ক্রীড়া প্রতিযোগিতায় তারা আন্তর্জাতিক মঞ্চে ভারতের পতাকা তুলে ধরছে। তারা পৌঁছচ্ছে সর্ব ক্ষেত্রে নতুন উচ্চতায় – রাজনীতি, সমাজসেবা, প্রশাসন এবং বাণিজ্যে। তিনি বলেন, পড়ুয়াদের মধ্যে কন্যা সন্তনরা সারা দেশে উল্লেখযোগ্য সংখ্যায় সমাবর্তনে ডিগ্রি এবং পদক পাচ্ছে যা অনুপ্রেরণা দেওয়ার মতো দৃশ্য। তবে এটাও সত্য যে মহিলাদের এখনও হিংসা, অর্থনৈতিক বৈষম্য, সামাজিক বাধা এবং স্বাস্থ্য সংক্রান্ত অবহেলার শিকার হতে হচ্ছে। রাষ্ট্রপতি আরো বলেন, একজন মহিলা তখনই প্রকৃত ক্ষমতায়ন হতে পারে, যখন সে নিজে নিজে সিদ্ধান্ত নিতে পারে, আত্মমর্যাদার সঙ্গে জীবন কাটাতে পারে এবং সমান সুযোগ এবং সুরক্ষার সুবিধা পায়।

রাষ্ট্রপতি বলেন, ভারত সরকার মহিলাদের ক্ষমতায়নে একাধিক পদক্ষেপ নিয়েছে। এই সমস্ত প্রয়াস মহিলাদের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক অবস্থানের উন্নতি ঘটাচ্ছে।

#####Byte-President#####

***************************

**Bal Vivah Mukt Bharat :**

বাল্য বিবাহ বন্ধ করার লক্ষ্যে বাল্য বিবাহ মুক্তি রথের গোমতী জেলায় সবকটি ব্লকে পরিক্রমা আজ শেষ হয়েছে। এ উপলক্ষ্যে আজ উদয়পুরে এক অনুষ্ঠানে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় বলেন, সারা দেশের সঙ্গে রাজ্যেও বাল্যবিবাহ বন্ধ করার লক্ষ্যে ত্রিপুরা রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন এবং তথ্য সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে রাজ্যের ৫৮টি ব্লক সবকটি নগর পঞ্চায়েত ও পুর পরিষদ এলাকায় পথনাটক অনুষ্ঠিত হবে। এই কর্মসূচি শেষ হবে আগামী ৮ই মার্চ।

বাল্যবিবাহ মুক্তিরথ আজ গোমতী জেলার কিল্লা ও তেপানিয়া ব্লক এলাকা পরিক্রমা করে। টেপানিয়া ব্লক প্রাঙ্গনে সচেতনতামূলক এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা দাস এবং ব্লকের ভিডিও দিব্যশ্রী দাশগুপ্তা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সংস্কৃত সুভাষিতম ভাগ করে আত্মবিশ্বাস এবং ইচ্ছাশক্তির গুরুত্ব তুলে ধরেছেন। প্রধানমন্ত্রী মোদী তার সোশ্যাল মিডিয়া পোস্টে জোর দিয়ে বলেছেন ভারতের যুবশক্তির দৃঢ় সংকল্প অতুলনীয়।

***************************

**Commandant 1st battalion :**

আজ একদিনের জন্য টিএসআর প্রথম ব্যাটেলিয়ানের কমান্ডেন্টের দায়িত্ব পালন করল গকুলনগরের বীরবন্ধু ইংলিশ মিডিয়াম হাইস্কুলের নবম শ্রেণীর ছাত্র অনিকেত রায় সরকার। পনের বছর বয়সের এই ছাত্রকে সকালে কমান্ডেন্টের দায়িত্ব বুঝিয়ে দেন প্রথম ব্যাটেলিয়ানের সহকারি কমান্ডেন্ট

সীমা আক্তার। টিএসআর ব্যাটেলিয়ানটির কমান্ডেন্ট মিহির লাল দাস জানান, পুলিশ সপ্তাহ উপলক্ষে এই উদ্যোগ নেওয়া হয়েছে। একদিনের জন্য কমান্ডেন্টের দায়িত্ব নিয়ে অনিকেত রায় জওয়ানদের সঙ্গে আলোচনা করেন। এছাড়া বাহিনীর অস্ত্রশস্ত্র পরিদর্শন করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Holi Festival :**

আগামীকাল শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি দোল পূর্ণিমা ও রঙের উৎসব হোলি। এই উপলক্ষে গোটা রাজ্যে উৎসবের পরিবেশ তৈরি হয়েছে। রাজধানী আগরতলার বিভিন্ন দোকান নানা রঙের আবিরের পসরা নিয়ে সেজে উঠেছে। দোল পূর্ণিমা উপলক্ষে শ্রী শ্রী হরিভক্তি প্রচারিনীসভার উদ্যোগে আজ সন্ধ্যায় আগরতলার সেন্ট্রাল রোড শিব বাড়ি প্রাঙ্গন থেকে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। আগরতলার জগন্নাথ জিউ

মন্দির, ইসকন মন্দিরে দোল পূর্ণিমা উপলক্ষে বিশেষ পূজাপাঠ ও উৎসবের আয়োজন করা হয়েছে।

*****************************

**Package Story-Holi :**

দোল উৎসব বসন্তের রঙ আর আনন্দের উদযাপন। রাধা-কৃষ্ণের লীলায় এই উৎসব ছড়িয়ে দেয় ভক্তি, প্রেম ও ভ্রাতৃত্বের বার্তা। ত্রিপুরার রাজবাড়ী থেকে প্রভুবাড়ী পর্যন্ত এই দোল উৎসব নানান ইতিহাস বহন করে, এনিয়ে একটি প্রতিবেদন।

########VC########

***************************

**National Cricket :**

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে আগামীকাল মাঠে নামছে ত্রিপুরা। পুডুচেরির সিএপি মাঠে রাজ্যদলের প্রতিপক্ষ তামিলনাড়ু। এলিট গ্রুপের এই আসরে ত্রিপুরা লড়াই করবে।

*******************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে, উত্তরপূর্ব বাংলাদেশ এবং মেঘালয়ের উপর ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যে আজ আকাশ মেঘাচ্ছন্ন রয়েছে। এর প্রভাবে রাজ্যের কিছু কিছু স্থানে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**************************